একই স্মারক ও তারিখে সংশোধিত পত্র

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
## বরিশাল

স্মারক নং-বশিবো/বিঅ/২০২৪/৩৪৪ তারিখ : ০৩.১২.২০২৪খ্রি.

**বিষয় : বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ গঠনের বিষয়ে স্পষ্টীকরণ বিজ্ঞপ্তি।**

সূত্র : ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.৩৬০, তারিখ : ০১.১২.২০২৪।
২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫৩, তারিখ : ১৮.১১.২০২৪ (একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত স্বাক্ষরিত ২১.১১.২০২৪)।

উপরোক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রমূলে বিদ্যমান পরিস্থিতিতে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্তরের এডহক কমিটি গঠনে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো।

ক.

| সংশোধনের বিষয় | বিদ্যমান শব্দাবলি | প্রতিস্থাপিত শব্দাবলি |
|---|---|---|
| প্রবিধানমালা, ২০২৪' এর ৬৪ (৩) ধারা | সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, **স্থানীয় সংসদ সদস্যের সহিত আলোচনাক্রমে**, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩ (তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের নিকট প্রেরণ করিবেন। | সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, **মহানগরির ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/ অন্যান্য ক্ষেত্রে জেলা প্রশাসকের সহিত আলোচনাক্রমে** শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩ (তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের নিকট প্রেরণ করিবেন। |

**খ. সভাপতির যোগ্যতা :**

i) মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে স্নাতক পাস।
ii) উচ্চমাধ্যমিকের ক্ষেত্রে স্নাতকোত্তর।
iii) চাকুরীজীবিদের বেলায় কর্মরত/অবসরপ্রাপ্ত **১ম** শ্রেণির কর্মকর্তা। এটি নিয়মিত ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি-এর কমিটির বেলায়ও প্রযোজ্য হবে।
iv) সমাজসেবক/শিক্ষানুরাগী। (সকল ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা (i) ও (ii) এর অনুরূপ হবে)

**গ. এডহক কমিটি হবে ০৪ সদস্যের :**

i) **সভাপতি :** মহানগরীর ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/ অন্যান্য ক্ষেত্রে জেলা প্রশাসকের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী;
ii) **শিক্ষক প্রতিনিধি :** জেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের মধ্য হইতে একজন শিক্ষক;
iii) **অভিভাবক প্রতিনিধি :** জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন অভিভাবক; এবং
iv) সদস্য সচিব- শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (পদাধিকারবলে)

**ঘ.** এই আদেশ জারির পর সকল বিদ্যমান কমিটি বিলুপ্ত বলে গণ্য হবে।

**ঙ.** অনুমোদনের অপেক্ষায় থাকা এডহক কমিটির সভাপতি পদে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের সাথে আলোচনাক্রমে ০৩ (তিন) সদস্যের সভাপতি তালিকা অত্র বোর্ডের বিদ্যালয় পরিদর্শক/কলেজ পরিদর্শকের নিকট হাতে হাতে পৌঁছাতে হবে।

**চ.** এডহক কমিটির মেয়াদ ০৬(ছয়) মাস। উক্ত মেয়াদের মধ্যেই ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি গঠন করতে হবে।

**ছ.** সভাপতি/অভিভাবক সদস্য/শিক্ষক সদস্য পর পর দুইবারের বেশী হতে পারবেন না।

**জ.** সংস্থা/মিশনারি পরিচালিত কমিটির বেলায় এই বিধান প্রযোজ্য নয়।

০৩/১২/২৪

প্রফেসর মো: ইউনুস আলী সিদ্দিকী (৬৯৫৫)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত স্কুল এন্ড কলেজ, কলেজ ও মাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ:
০১। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ।
০২। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলা।
০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।
০৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা।
০৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট উপজেলা।
০৭। ম্যানেজার, সংশ্লিষ্ট ব্যাংক।
০৮। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৯। সংরক্ষণ নথি।